গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক
বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)

এবং

সচিব ,তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০২১- ৩০ জুন, ২০২২

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| | | পৃষ্ঠা নং |
| প্রস্তাবনা | | ০৩ |
| বাসস'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | ০৪-০৫ |
| সেকশন ১: | বাসস'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি | ০৬ |
| সেকশন ২: | সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ০৭ |
| সেকশন ৩: | **কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ** | ০৮-০৯ |
| পরিশিষ্ট খ | দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ১০ |
| সংযোজনী ১: | শব্দসংক্ষেপ (Acronyms) | ১২ |
| সংযোজনী ২: | কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ | ১৩ |
| সংযোজনী ৩: | অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ | ১৪ |

## প্রস্তাবনা (Preamble)

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরনের মাধ্যমে রুপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)

এবং

সচিব, তথ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর মধ্যে ২০২১ সালের ২১ জুন তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## বাসস-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

# Overview of the Performance of Bangladesh Sangbad Sangstha (BSS)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

- **সাম্প্রতিক বছরসমূহের ( ৩ বছর ) প্রধান অর্জনসমূহঃ**

বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) বিগত তিন বছরে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ সাফল্যের সাথে বাস্তবায়ন করেছে। ফলে সংস্থার কাজের সক্ষমতা বেড়েছে এবং জবাবদিহিতা আরো নিশ্চিত হয়েছে। এসময়ে প্রধান অর্জনসমূহের মধ্যে রয়েছে:-

(১) বাসস মাননীয় প্রধানমন্ত্রীর দৈনন্দিন কর্মকান্ডসহ সকল উন্নয়ন কার্যক্রম এবং বিভিন্ন ক্ষেত্রের ৩,৫৩,৫০০টি সংবাদ সংগ্রহ করে বিভিন্ন গ্রাহক গণমাধ্যম, নিজস্ব ওয়েবসাইট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করেছে;
(২) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগের ওপর বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় মোট ২৮০টি বিশেষ ফিচার/প্রতিবেদন এবং এসব বিশেষ প্রতিবেদন নিয়ে দুইটি বই প্রকাশ;
(৩) ঢাকাসহ ৭টি বিভাগীয় শহরের প্রধান পত্রিকায় মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের ওপর ১০০টি প্রতিবেদন প্রকাশ, ফোকাস গ্রুপ ডিসকাশন ও ৭টি সমঝোতা স্মারক স্বাক্ষর এবং প্রকাশিত প্রতিবেদন নিয়ে বই প্রকাশ;
(৪) নতুন নিউজ অন-লাইন সার্ভিস চালু এবং সংবাদ ভিত্তিক ওয়েবসাইট পুনর্গঠন;
(৫) বাংলাদেশ উন্নয়নশীল দেশের যোগ্যতা অর্জন করায় বিষয়টির ব্যাপক প্রচারের অংশ হিসেবে বিশেষ প্রতিবেদন প্রকাশ ;
(৬) সংস্থার দৈনন্দিন কাজকে আরো গতিশীল করতে একটি বিশেষ কর্মসূচীর আওতায় বায়োমেট্রিক উপস্থিতি, সাংবাদিকদের দৈনন্দিন কাজের পর্যবেক্ষণ ও নিরাপত্তা পদ্ধতির প্রবর্তণ;
(৭) সংস্থার টেক্সট সংবাদের পাশাপাশি অডিও ভিজ্যুয়াল সংবাদ সরবরাহ ব্যবস্থা চালুর লক্ষ্যে নতুন প্রকল্প অনুমোদন লাভ করেছে। বর্তমানে প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে;
(৮) দেশের সকল উন্নয়ন কর্মকান্ডের তথ্য জনগণের নিকট পৌছে দিতে সংস্থার ফেসবুক পেইজ এবং ইউটিউব চ্যানেল তৈরি করে নিয়মিত সংবাদ পরিবেশন করছে;
(৯) সংস্থার সাংবাদিকদের সার্বিক কর্মদক্ষতা মূল্যায়নের নতুন পদ্ধতির প্রবর্তন।

- **সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ**

বাসস’র কাজের ক্ষেত্রে অগ্রগতি হলেও বিগত সময়ের প্রধান চ্যালেঞ্জগুলো অপরিবর্তিত রয়ে গেছে। এসবের মধ্যে রয়েছে অপ্রতুল দক্ষ জনবল ও প্রযুক্তি এবং প্রয়োজনীয় অবকাঠামো ও অর্থায়নের অভাব ।

যুগোপযোগী সংবাদ সরবরাহ ও পরিবেশনের জন্য বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-’র জনবল অপ্রতুল। প্রত্যন্ত অঞ্চলের সংবাদ সরবরাহ করার ক্ষেত্রে যানবাহন ও আধুনিক প্রযুক্তিগত যন্ত্রপাতি অপ্রতুল। রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থা হিসেবে বাসস সরকারী বরাদ্দের পাশাপাশি নিজস্ব উপার্জনে ব্যয় নির্বাহ করার কথা । গণমাধ্যমের পরিবর্তিত প্রকৃতির পরিপ্রেক্ষিতে নিজস্ব আয় বৃদ্ধি এবং সংস্থার উপার্জন ক্ষমতা বর্ধন বাসস-এর একটি বড় চ্যালেঞ্জ।

- **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

মূল লক্ষ্য ও উদ্দেশ্যঃ

- পেশাদারিত্ব উন্নয়ন;
- ভৌত অবকাঠামো উন্নয়ন;
- অর্থনৈতিক আত্মনির্ভরতা অর্জন।
- **পেশাদারিত্ব উন্নয়নঃ**

(ক) দক্ষ জনবল গড়ে তোলা;
(খ) প্রতি জেলায় স্থায়ী সংবাদদাতা নিয়োগ, বিভাগীয় ও গুরূত্বপূর্ণ জেলা শহরে ব্যুরো অফিস স্থাপন;
(গ) নিয়োগ নীতিমালা সংশোধন;
(ঘ) পদোন্নতি নীতিমালা সংশোধন;
(ঙ) বাধ্যতামূলক কর্মকালীন প্রশিক্ষণ পদ্ধতি প্রবর্তন;

- **ভৌত অবকাঠামো উন্নয়নঃ**

(ক) দিলকুশাস্থ নিজস্ব জমিতে বহুতল ভবন নির্মাণ;
(খ) বাসস বর্তমান প্রধান কার্যালয় স্থানে বহুতল ভবন নির্মাণ;
(গ) বাসস প্রধান কার্যালয় সংস্কার;
(ঘ) অডিও ভিজ্যুয়াল সার্ভিস তৈরিতে কারিগরি অবকাঠামো নির্মাণ।

- **অর্থনৈতিক আত্মনির্ভরতা অর্জনঃ**

(ক) দিলকুশায় বহুতল ভবন নির্মাণ করে রাজস্ব বৃদ্ধি করা;
(খ) প্রধান কার্যালয় জমিতে বহুতল ভবন নির্মাণ করে রাজস্ব বৃদ্ধি;
(গ) বাসস ইনফোটেইনমেন্ট ওয়েব পেজ-এর কলেবর বৃদ্ধি ও আধুনিকায়নের মাধ্যমে রাজস্ব বৃদ্ধি;
(ঘ) রেফারেন্স, লাইব্রেরী, ফটো গ্যালারী ও এসএমএস নিউজ সার্ভিস পুরোপুরি চালু করে রাজস্ব বৃদ্ধি;

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- জনগণের তথ্যপ্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে বাসস সরকারের সকল উন্নয়ন কর্মকান্ডসহ সামাজিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক, বাণিজ্যিক এবং ক্রিড়া সংবাদসহ দেশী-বিদেশী ১,১১,০০০ সংবাদ সংগ্রহ করে পরিবেশন করবে;
- মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সংবাদ, ছবি সংগ্রহ ও পরিবেশনসহ মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের বিশেষ প্রতিবেদন প্রচার;
- বিভিন্ন মন্ত্রণালয়, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, সরকারের বার্ষিক উন্নয়ন কর্মকান্ড এবং সরকার দলীয় নির্বাচনী ইশতেহারের ওপর নিয়মিত সংবাদ ও প্রতিবেদন প্রচার;
- SDG বিষয়ে সংবাদ, ফিচার, ছবিসহ ডিজিটাল বাংলাদেশ উদ্যোগ সম্পর্কে নিয়মিত প্রতিবেদন প্রচার;
- নির্বাচনী ইশতেহার ২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত সকল সংবাদ সংগ্রহ করে প্রচার করা;
- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগের ওপর প্রকাশিত বিশেষ প্রতিবেদন নিয়ে একটি বই প্রকাশ;
- বর্তমান সরকারের ডেলটা প্লান বাস্তবায়ন সংক্রান্ত সংবাদ সংগ্রহ করে প্রচার করা।

সেকশন ১:

## বাসস-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি (Functions)

১.১ রূপকল্প (Vision) : দেশী-বিদেশী গ্রাহক ও পাঠকদের নিয়মিত ও নিরবচ্ছিন্নভাবে সঠিক, নিরপেক্ষ ও নির্ভরযোগ্য (correct, impartial & trustworthy) সংবাদ পরিবেশন করে সংস্থাকে একটি আন্তর্জাতিক মানের ও আত্মনির্ভরশীল জাতীয় বার্তা সংস্থা ও তথ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করা।

১.২ অভিলক্ষ্য (Mission) : মহান মুক্তিযুদ্ধের চেতনার আলোকে সুনির্দিষ্ট লক্ষ্য ও আদর্শকে সমুন্নত রেখে সরকারের নীতিকৌশল, দেশের সামগ্রিক উন্নয়ন, সমস্যা, সম্ভাবনা ও প্রতিদিনের সংবাদ ইতিবাচক ও বস্তুনিষ্ঠ ভাবে জনগণের সামনে উপস্থাপন করা।

তথ্য সমাজ ও জীবনমান পরিবর্তনের গুরুত্বপূর্ণ মাধ্যম। তাই গণযোগাযোগ মাধ্যম (mass communication channel) হিসেবে কাজ করা যাতে প্রান্তিক জনগণ দেশের উন্নয়ন, উন্নয়নে অংশগ্রহণ ও জবাবদিহিতার উপলব্ধি সৃষ্টি করতে সাহায্য করে।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র (Field of Performance) :

১.৩.১ সব ধরনের সংবাদ নিয়মিত সংগ্রহ ও পরিবেশনের মাধ্যমে জনগনকে অবহিতকরন;

১.৩.২ সরকাররের নীতি-কৌশল ও উন্নয়নমূলক কর্মকান্ড প্রচার ;

১.৩.৩ আধুনিক, কার্যকর ও জনমুখি সংবাদ সংস্থা প্রতিষ্ঠা; এবং

১.৩.৪ আন্তর্জাতিক সংবাদ মাধ্যমগুলোর সাথে সংবাদ বিনিময়ের মাধ্যমে বিদেশে বাংলাদেশের উন্নয়নমূলক সংবাদ প্রচার।

১.৪ প্রধান কার্যাবলি (Functions) :

১.৪.১ আন্তর্জাতিক সংস্থাসহ দেশ-বিদেশের সংবাদ সংগ্রহ করে গণমাধ্যমের সাহায্যে তা বাংলাদেশসহ সমগ্র বিশ্বের জনগনের নিকট প্রচার;

১.৪.২ জাতীয় সংবাদ বহির্বিশ্বে প্রচারের ব্যবস্থা গ্রহণের নিমিত্তে বাংলাদেশের জাতীয় বার্তা সংস্থা হিসাবে দায়িত্ব পালন;

১.৪.৩ সমগ্র বিশ্বের রাজনৈতিক, কুটনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্যিক, প্রযুক্তিগত, সাংস্কৃতিক ও ক্রীড়া ক্ষেত্রের সকল সংবাদ সংগ্রহ ও বিনিময়;

১.৪.৪ সংবাদ সংগ্রহ ও বিনিময়ের কাজে নিয়োজিত ব্যক্তিগণের প্রশিক্ষণের জন্য দেশিয় বা বৈদেশিক গণমাধ্যম বা বার্তা সংস্থার সহিত চুক্তি সম্পাদন;

১.৪.৫ দেশে বা দেশের বাহিরের গণমাধ্যম বা বার্তা সংস্থার সঙ্গে সংবাদ, ফিচার, ছবি বা ভিডিও চিত্র ক্রয়-বিক্রয়;

১.৪.৬ সংস্থার সার্বিক উন্নয়ন ও আধুনিকায়নে কর্মসূচি গ্রহণ;

১.৪.৭ সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড জনগণকে অবহিত করিবার উদ্দেশ্যে প্রেস ইনস্টিটিউট অব বাংলাদেশ (পিআইবি), তথ্য অধিদপ্তর (পিআইডি) এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার কার্যক্রমের সহিত সমন্বয় সাধন; এবং

১.৪.৮ উপরি-উক্ত দায়িত্ব ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য কার্যাদি সম্পাদন।

সেকশন ২

## দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা সমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| বিভিন্ন গণমাধ্যম কর্তৃক বাসস'র সংবাদ প্রচার/প্রকাশ এবং সংস্থার নিজস্ব ওয়েবসাইটের মাধ্যমে প্রচার। | প্রচারিত এবং প্রকাশিত সংবাদ | সংখ্যা | ৯০,০০০ | ৮০,০০০ | ৯৫,০০০ | ৯৭,০০০ | ৯৮,০০০ | বিভিন্ন সংবাদপত্র/গ্রাহকবৃন্দ | রেফারেন্স ক্লিপিং ও সংস্থার নিজস্ব ওয়েবসাইট |

## সেকশন ৩
## কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কর্মসম্পাদনের ক্ষেত্র (Field of Performance) | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান (Weight of Performance) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ (Target/Criteria Value for FY 2021-22) | | | | | প্রক্ষেপণ (Projection) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ (সম্ভাব্য) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-এর** কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [১] ১.৩.১ সব ধরনের সংবাদ নিয়মিত সংগ্রহ ও পরিবেশনের মাধ্যমে জনগনকে অবহিতকরন;<br>১.৩.২ সরকারের নীতি-কৌশল ও উন্নয়নমূলক কর্মকান্ড প্রচার;<br>১.৩.৩ আধুনিক, কার্যকর ও জনমুখি সংবাদ সংস্থা প্রতিষ্ঠা;<br>১.৩.৪ আন্তর্জাতিক সংবাদ মাধ্যমগুলোর সাথে সংবাদ বিনিময়ের মাধ্যমে বিদেশে বাংলাদেশের উন্নয়নমূলক সংবাদ প্রচার। | ৭০ | দেশী-বিদেশী সংবাদ পরিবেশন | পরিবেশিত সংবাদ | | সংখ্যা | | ১,১২,০২০ | ১,১২,২০০ | ১,১১,০০০ | ১,১০,৫০০ | ১,১০,২৫০ | ১,১০,০০০ | ১,০৯,৫০০ | ১.১২ | ১.১৪ |
| | | [১.১] বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের সংবাদ ও ছবি, সরকারি, বেসরকারি প্রতিষ্ঠানের সংবাদ এবং খেলাধূলার সংবাদ নিয়মিত সংগ্রহ ও পরিবেশন। | বাৎসরিক সংবাদ সংগ্রহ ও পরিবেশন | সমষ্টি | সংখ্যা | ৩০ | | | ৪৭,৬০০ | ৪২,২৪০ | ৩৮,০৮০ | ৩৩,৩২০ | ২৮,৫৬০ | | |
| | | [১.২] মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিদিনের সংবাদ ও ছবি নিয়মিত সংগ্রহ ও পরিবেশন। মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ সম্পর্কে বিএসএস ইনফোটেইনমেন্টের মাধ্যমে বিশেষ প্রতিবেদন প্রকাশ। | বাৎসরিক সংবাদ সংগ্রহ ও পরিবেশন | সমষ্টি | সংখ্যা | ১০ | | | ১৫,৮৫০ | ১৪,২৬৫ | ১২,৬২০ | ১১,০৯৫ | ৯,৫১০ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র (Field of Performance) | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান (Weight of Performance) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণয়ক ২০২১-২২ (Target/Criteria Value for FY 2021-22) | | | | | প্রক্ষেপণ (Projection) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ **(সম্ভাব্য)** | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২২-২০২৩ | **২০২৩-২০২৪** |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-এর** কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** | **৮** | **৯** | **১০** | **১১** | **১২** | **১৩** | **১৪** | **১৫** | **১৬** |
| | | [১.৩] বাসস অনলাইন সার্ভিসের মাধ্যমে উন্নয়ন কর্মকান্ডের প্রচার। | বাৎসরিক সংবাদ সংগ্রহ ও পরিবেশন | সমষ্টি | সংখ্যা | ১০ | | | ১৫,৮৫০ | ১৪,২৬৫ | ১২,৬৮০ | ১১,০৯৫ | ৯,৫১০ | | |
| | | [১.৪] 'ডিজিটাল বাংলাদেশ' উদ্যোগ সম্পর্কে নিয়মিত প্রতিবেদন প্রচারসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার। | বাৎসরিক সংবাদ সংগ্রহ ও পরিবেশন | সমষ্টি | সংখ্যা | ০৮ | | ১২,৬৮০ | ১১,৪১২ | ১০,১৪৪ | ৮,৮৭৬ | ৭,৬০৮ | | | |
| | | [১.৫] বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাস্তবায়ন সম্পর্কে নিয়মিত সংবাদ পরিবেশন। | বাৎসরিক সংবাদ সংগ্রহ ও পরিবেশন | সমষ্টি | সংখ্যা | ০৬ | | ৯,৫১০ | ৮,৫৫৯ | ৭,৬০৮ | ৬,৬৫৭ | ৫,৭০৬ | | | |
| | | [১.৬] SDG বিষয়ে সংবাদ, ফিচার ও ছবি সংগ্রহ ও প্রদর্শন। | বাৎসরিক সংবাদ সংগ্রহ ও পরিবেশন | সমষ্টি | সংখ্যা | ০৬ | | ৯,৫১০ | ৮,৫৫৯ | ৭,৬০৮ | ৬,৬৫৭ | ৫,৭০৬ | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৪] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

আমি ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-এর পক্ষে তথ্য সচিবের কাছে অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি তথ্য সচিব, তথ্যমন্ত্রী মহোদয়ের কাছে অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২১.০৬.২০২১

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক
বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), ঢাকা।

তারিখ

আবুল কালাম [illegible]
ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক
বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)
ঢাকা।

২১.৬.২০২১

সচিব
তথ্য মন্ত্রণালয়

তারিখ

মোঃ মকবুল হোসেন
সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষর | মূল |
|---|---|---|
| ১. | বাসস | বাংলাদেশ সংবাদ সংস্থা |

**সংযোজনী- ২:**

কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক-

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ,অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| | ১ | ২ | ৪ | ৫ |
| ১. | বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের সংবাদ ও ছবি, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সংবাদ এবং খেলাধূলার সংবাদ নিয়মিত সংগ্রহ ও পরিবেশন। | সংবাদ ও ছবি সংগ্রহ ও প্রচার | বাসস | প্রতিদিনের সংবাদ সংগ্রহ ও পরিবেশনের সংখ্যা রেফারেন্স ও ভিজিট আর্কাইভ |
| ২. | মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিদিনের সংবাদ ও ছবি নিয়মিত সংগ্রহ ও পরিবেশন।<br>মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ সম্পর্কে বিএসএস ইনফোটেইনমেন্টের মাধ্যমে বিশেষ প্রতিবেদন প্রকাশ। | সংবাদ ও ছবি সংগ্রহ ও প্রচার | বাসস | প্রতিদিনের সংবাদ সংগ্রহ ও পরিবেশনের সংখ্যা রেফারেন্স ও ভিজিট আর্কাইভ |
| ৩. | বাসস অনলাইন সার্ভিসের মাধ্যমে উন্নয়ন কর্মকান্ডের প্রচার। | সংবাদ ও ছবি সংগ্রহ ও প্রচার | বাসস | প্রতিদিনের সংবাদ সংগ্রহ ও পরিবেশনের সংখ্যা রেফারেন্স ও ভিজিট আর্কাইভ |
| ৪. | 'ডিজিটাল বাংলাদেশ' উদ্যোগ সম্পর্কে নিয়মিত প্রতিবেদন প্রচারসহ<br>সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার | সংবাদ ও ছবি সংগ্রহ ও প্রচার | বাসস | প্রতিদিনের সংবাদ সংগ্রহ ও পরিবেশনের সংখ্যা রেফারেন্স ও ভিজিট আর্কাইভ |
| ৫. | বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাস্তবায়ন সম্পর্কে নিয়মিত সংবাদ পরিবেশন | সংবাদ ও ছবি সংগ্রহ ও প্রচার | বাসস | প্রতিদিনের সংবাদ সংগ্রহ ও পরিবেশনের সংখ্যা রেফারেন্স ও ভিজিট আর্কাইভ |
| ৬. | SDG বিষয়ে সংবাদ, ফিচার ও ছবি সংগ্রহ ও প্রদর্শন | সংবাদ ও ছবি সংগ্রহ ও প্রচার | বাসস | প্রতিদিনের সংবাদ সংগ্রহ ও পরিবেশনের সংখ্যা রেফারেন্স ও ভিজিট আর্কাইভ |

**সংযোজনী ৩:**

অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|